২০২৩

# বাংলা - এম.ডি.সি.

## পত্র : CC-1

## [বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা সাহিত্যের আদিপর্ব বলতে কী বোঝ? এই পর্বের সাহিত্যের গতিপ্রকৃতি কীরকম ছিল নিদর্শনসহ বুঝিয়ে দাও। ২+১০+৩

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির রচয়িতা কে? কাব্যটির আবিষ্কারক, আবিষ্কারকাল, প্রকাশকাল ও প্রকাশনা সংস্থার নাম লেখো এবং কাব্যটির সাহিত্যিক মূল্য আলোচনা করো। ১+৪+১০

২। (ক) বাংলা ভাষায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের আবির্ভাবকাল ও পরিচয় সংক্ষেপে উল্লেখ করে তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে আলোচনা করো। ৫+১০

*অথবা,*

(খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের কবি কে? তাঁর কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১৫

৩। (ক) ধর্মঠাকুরের স্বরূপ উল্লেখ করে ধর্মমঙ্গল কাব্যধারায় শ্রেষ্ঠ কবির কৃতিত্বের মূল্যায়ন করো। ৫+১০

*অথবা,*

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার গুরুত্ব উল্লেখ করে সৈয়দ আলাওলের কবিপ্রতিভার পরিচয় দাও। ৫+১০

৪। (ক) চর্যার ভাষাকে 'সান্ধ্যভাষা' বা 'সন্ধ্যাভাষা' বলার কারণ নির্দেশ করো। ৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে 'চণ্ডীদাস সমস্যা' বলতে কী বোঝ? ৫

৫। (ক) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটির রচয়িতার নাম উল্লেখ করে গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো। ১+৪

*অথবা,*

(খ) জ্ঞানদাসকে 'চণ্ডীদাসের ভাবশিষ্য' বলার যৌক্তিকতা কোথায়? ৫

৬। (ক) 'অন্নদামঙ্গল' কাব্যটি 'নূতনমঙ্গল' নামে পরিচিত হয়ে ওঠার কয়েকটি উল্লেখযোগ্য কারণ লিপিবদ্ধ করো। ৫

*অথবা,*

(খ) শ্যামাসংগীত রচনায় রামপ্রসাদ সেনের কৃতিত্ব কতখানি সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম কী?

(খ) চর্যাপদের তিব্বতী অনুবাদ কে আবিষ্কার করেন?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে সখী-দূতী ও অভিভাবিকাস্বরূপা হিসাবে পরিচিতা কে?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের মধ্যে একটি টুকরো কাগজে কোন শব্দটি পাওয়া গিয়েছিল?

(ঙ) কবীন্দ্র পরমেশ্বর কোন কাব্যের অনুবাদ করেছিলেন?

(চ) কৃত্তিবাসী রামায়ণের প্রকৃত নাম কী?

(ছ) মনসামঙ্গল কাব্যের একজন কবির নাম লেখো।

(জ) বাংলা ভাষায় রচিত সর্বপ্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো।

(ঝ) ব্রজবুলি ভাষায় কে পদ রচনা করেছিলেন?

(ঞ) 'অন্নদামঙ্গল' কাব্যের দ্বিতীয় খণ্ডটির নাম কী?

(ট) মহম্মদ সগীরের গ্রন্থটির নাম উল্লেখ করো।

(ঠ) 'তোহ্‌ফা' কার লেখা গ্রন্থ?

(ড) রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল?

(ঢ) দৌলত কাজী আরাকানের কোন রাজার আনুকূল্যে কত খ্রিস্টাব্দে 'লোরচন্দ্রাণী ও সতীময়না' গ্রন্থটি রচনা করেন?

(ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার আনুকূল্য লাভ করেন?

———————